উলাইকা আবাঈ...

[মহান মনীষীগণের লোভহীন নিরহংকারী আদর্শ
ও আল্লাহভীত জীবনের অসাধারণ কথাচিত্র]

# আকাবির মনীষীর
# দুনিয়াবিমুখ জীবন

রচনা
সাইয়্যেদ হাবিবুল্লাহ মরদানি

# আকাবির মনীষীর দুনিয়াবিমুখ জীবন

বাংলা রূপান্তর
আবদুল্লাহ আল ফারুক

মাকতাবাতুল হাসান



**আকাবির মনীষীর দুনিয়াবিমুখ জীবন**
**প্রথম সংস্করণ :** অক্টোবর ২০১৮
**গ্রন্থস্বত্ব :** প্রকাশক কর্তৃক সংরক্ষিত
মাকতাবাতুল হাসানের পক্ষে প্রকাশক মো. রাকিবুল হাসান খান কর্তৃক প্রকাশিত ও শাহরিয়ার প্রিন্টার্স, ৪/১ পাটুয়াটুলি লেন, ঢাকা থেকে মুদ্রিত।

**প্রকাশক**
**মাকতাবাতুল হাসান**
**প্রধান বিক্রয়কেন্দ্র**
মাদানীনগর মাদরাসা রোড, চিটাগাং রোড, নারায়ণগঞ্জ।
✆ ০১৭৮৭০০৭০৩০

**প্রচ্ছদ :** হাবীব খান
**বর্ণসজ্জা :** মুহিব্বুল্লাহ মামুন

**ISBN :** 978-984-8012-09-3

**মূল্য : ১৫০/- টাকা মাত্র**

**Akabir Monishir Duniyabimukh Jibon**
**by Syed Habibullah Mardani**
Published by : Maktabatul Hasan. Bangladesh
E-mail : rakib1203@gmail.com
Facebook/maktabahasan

**।। অর্পণ ।।**

ফাদি আবু সালাহ...ও রাযান আন-নাযার...
আমাদের 'সায়্যিদি আশ-শহিদ'...



©
প্রকাশক

প্রকাশকের লিখিত অনুমতি ছাড়া এ বইয়ের কোনো অংশের পুনরুৎপাদন বা প্রতিলিপি করা যাবে না, কোনো যান্ত্রিক উপায়ে প্রতিলিপি করা যাবে না, ডিস্ক বা তথ্যসংরক্ষণের কোনো যান্ত্রিক পদ্ধতিতে উৎপাদন বা প্রতিলিপি করা যাবে না। এ শর্তের লঙ্ঘন আইনী দৃষ্টিকোণ থেকে দণ্ডনীয়।

# সূ চি প ত্র

**বিষয়** — **পৃষ্ঠা**

**সাইয়্যেদুত তায়েফা হাজি ইমদাদুল্লাহ মুহাজিরে মক্কি রহ.**

হারানো সম্পদ পুনরায় ফিরে পেলেন ........................................ ১৫
এটাই আল্লাহর ইচ্ছা ছিল ........................................ ১৫

**কাসিমুল উলুমি ওয়াল খয়রাত মাওলানা মুহাম্মদ কাসেম নানুতুবি রহ.**

দুনিয়া যখন পায়ের নিচে ........................................ ১৬
আমি যোগ্য হলে আল্লাহ আমাকেই দিতেন ........................................ ১৬
হজরত নানুতুবি রহ.-এর দুনিয়াবিমুখ জীবন ........................................ ১৭
শুকনো রুটি খেতেন ........................................ ১৭
তিনি আমাকে কামেল বুজুর্গ মনে করেছিলেন ........................................ ১৮
শহর ছেড়ে চলে গেলেন ........................................ ১৮
সম্পর্কের দায় ........................................ ১৯
মাওলানা নানুতুবি রহ. পায়ে হেঁটে যাচ্ছিলেন ........................................ ২১
হজরত নানুতুবি রহ.-এর বাধ্য-অনুগত স্ত্রী ........................................ ২১
দু শ পঁচানব্বই টাকার কী হবে? ........................................ ২২
দারুল উলুম দেওবন্দের প্রতিষ্ঠাতা নিজের হাতে উপার্জন করতেন ....... ২২
আমরা গ্রাম্য লোক নবাবি শিষ্টাচারের কী বুঝি! ........................................ ২৩
দুনিয়াবিমুখ মনন, অল্পেতুষ্টি ও আল্লাহর প্রতি তাওয়াক্কুলের আরেকটি শিক্ষাপ্রদ ঘটনা ........................................ ২৩

**ফকিহুন নফস মাওলানা রশিদ আহমদ গাঙ্গুহি রহ.**

দুনিয়াবিমুখ অল্পেতুষ্ট প্রবৃত্তি ........................................ ২৫
নির্মোহ ও অমুখাপেক্ষী মানসিকতার বিস্ময়কর ঘটনা ........................................ ২৫
আলহামদুলিল্লাহ, কখনই ঋণ করিনি ........................................ ২৬
এখনো কি উৎকৃষ্ট খাবার খাব না! ........................................ ২৬
অন্য কোনো জনকল্যাণমূলক খাতে ব্যয় করা হোক ........................................ ২৭
তার উৎকৃষ্ট পোশাক দেখে মনে হতো, তিনি হয়তো নবাব হবেন........ ২৭



**হাকিমুল উম্মত মাওলানা আশরাফ আলি থানভি রহ.**

প্রকাশ্যে বা লুকিয়ে হাদিয়া দেওয়া যাবে না ........................................ ২৯
শরিয়ত বাইতুল মালের খাজাঞ্চিকে প্রয়োজনের অতিরিক্ত অর্থ ব্যয় করার অনুমতি দেয়নি ........................................ ৩০
এটি হুকুকুল ইবাদ বা বান্দার হক ছিল ........................................ ৩০
এ বাক্য না থাকলে নিয়ে নিতাম ........................................ ৩১
আমার কারণে দুটি ক্ষতি হবে ........................................ ৩২

**শায়খুল ইসলাম মাওলানা হুসাইন আহমদ মাদানি রহ.**

অর্থ নেই, অর্থ লাগবে ........................................ ৩৩
আব্বা, দু পয়সা দিয়ে দিন ........................................ ৩৩
বেতন যখন দেড় রুপি ........................................ ৩৪
লাঞ্ছনার সঙ্গে অর্থ নেব না ........................................ ৩৪
পাথেয় বাঁচবে তো! ........................................ ৩৫
প্রেরিত অর্থের হিসেব ........................................ ৩৫
শায়খুল হিন্দ রহ.-এর আদর্শ থেকে একটুও নড়ব না ........................................ ৩৬
রাজদরবারের সঙ্গে আমার কী সম্পর্ক! ........................................ ৩৬
চোর সিন্দুক উঠিয়ে পালিয়ে গেল ........................................ ৩৭

**শায়খুত তাফসির মাওলানা আহমদ আলি লাহোরি রহ.**

এতটা পেরেশান কখনো হইনি ........................................ ৩৮
নিজের অবস্থা নিয়ে অভিযোগের অর্থ আল্লাহর ব্যাপারে অভিযোগ করা ....... ৩৮
ভুনা চনাবুট খেয়ে সপ্তাহ পার ........................................ ৩৯
বিয়ে পড়িয়ে উপহার গ্রহণ করতে অস্বীকৃতি ........................................ ৩৯
মাওলানা ওবায়দুল্লাহ সিন্ধি রহ.-এর ছায়াতলে প্রতিপালন ........................................ ৪০
তাওয়াক্কুলের দীক্ষা ........................................ ৪১
জীবিকা ........................................ ৪২
দুনিয়ার প্রতি নির্মোহ মনোভাব ........................................ ৪৪
সীমাহীন সারল্য ও আনড়ম্বর জীবন ........................................ ৪৫
আমি ঘরে সংবাদ পাঠানোর কথা ভুলে গেছি ........................................ ৪৫
দুনিয়া জীবন্ত জাগ্রত স্বর্গ ........................................ ৪৬
সারল্য কাকে বলে, হে পৃথিবী দেখে নাও ........................................ ৪৭

ভক্ত-অনুরক্তদের বাড়িতে খাবার খেতেন না ........ ৪৭
পুলিশ তল্লাশি নিয়ে ঘরে সামান্য খাদ্য-দ্রব্যও পেল না ........ ৪৮
দারিদ্র দেখে বিস্মিত ডক্টর ........ ৫০
সন্তানদের সতর্ক প্রতিপালন ........ ৫১
সারা রাত শীত সহ্য করেছেন; তবুও হাত পাতেননি ........ ৫১
তাবলীগি জলসায় অংশগ্রহণের জন্যে গায়বি সাহায্য ........ ৫২

**মাওলানা ফজলে রহমান গঞ্জেমুরাদাবাদি রহ.**

আমার কী প্রয়োজন!? ........ ৫৫
সরকারের অর্থ নিয়ে কী করব? ........ ৫৫
বাহ! আমাদের দেয়াল ধসে পড়ছে ........ ৫৬
এই অর্থ দিয়ে কী করব!? ........ ৫৬
সাহাবায়ে কেরাম একটি খোরমা খেজুর খেয়েই তুষ্ট থাকতেন ........ ৫৭
লাখ টাকা ছুড়ে ফেলো ........ ৫৮

**শায়খুল হাদিস মাওলানা মুহাম্মদ যাকারিয়া রহ.**

আট শ রুপির বেতনের ওপর ওস্তাদের ভালোবাসাকে প্রাধান্য দিলেন ........ ৬০
ওস্তাদ থেকে বিচ্ছেদের কথা ভেবে ১২০০ রুপি বেতনের প্রস্তাব ফিরিয়ে দিলেন ........ ৬১
মাদরাসাওয়ালারা আপনাকে সমীহ করে ........ ৬১
মাদরাসার বৈদ্যুতিক পাখা ........ ৬২
প্লাটফর্ম থেকে টিকিট ঋণ নিলেন ........ ৬৩
অর্থের প্রতি প্রচণ্ড অনাগ্রহ ........ ৬৫

**শায়খুল হাদিস সাইয়্যেদ ইউসুফ বিন্নৌরি রহ.**

দু সের চাউলের ওলিমা ........ ৬৬
আমার আল্লাহ আমায় দেবেন ........ ৬৬
শিক্ষকদের দিকে তাকিয়ে জাহান্নামের ইন্ধন হতে চাই না ........ ৬৭
আমার কথা কানেই তুলছে না ........ ৬৮
অর্থ ফিরিয়ে দিলেন ........ ৬৯

**মুজাহিদে মিল্লাত মাওলানা গোলাম গওস হাজারভি রহ.**

আল্লাহ আপনার রিজিক পাঠিয়ে দিয়েছেন ........ ৭০
চায়ের কথা জিজ্ঞেস করলেন না ........ ৭২



দরবেশি জীবন ........ ৭২
আমি জীবনভর তোমাকে স্বাচ্ছন্দ্য দিতে পারিনি ........ ৭৪

**আমিরে শরিয়ত সাইয়্যেদ আতাউল্লাহ শাহ বুখারি রহ.**

সম্পদ মানুষের সেবক; মানুষ সম্পদের সেবক নয় ........ ৭৫
বেচারা বিষণ্ন চিত্তে ফিরে গেল ........ ৭৬
আল্লাহ দারিদ্র্যের লাজ রেখেছেন ........ ৭৬
মানতের ঘটনা ........ ৭৭

**শায়খুত তাফসির মাওলানা ইদরিস কান্ধলভি রহ.**

পঞ্চাশের স্থলে চল্লিশ টাকা বেতন করে দাও ........ ৭৯
শুকনো রুটির দাওয়াত ........ ৮০
দরবেশি জীবনই আমার আরাধ্য ........ ৮০

**কায়েদে মিল্লাত মুফতি মাহমুদ রহ.**

আমার কাছে আবর্জনার টুকরি নিয়ে এসেছ ........ ৮১
শত টাকার প্রস্তাব ঠুকরে দিলেন ........ ৮২

**শায়খুল কুরআন মাওলানা সাঈদুর রহমান ওরফে খতিব রহ.**

হজরত লাহোরি আমার জন্যে কম্বল কিনেছেন ........ ৮৩
কাউকে নিজের অবস্থা বুঝতে দেননি ........ ৮৩
প্রতিবেশীর কাছ থেকে পাগড়ি ও জুতো ধার নিলেন ........ ৮৪

**বিখ্যাত স্কলার, বহুগ্রন্থ প্রণেতা মাওলানা আবদুল কাইয়্যুম হক্কানি রহ.**

অসহায় ইয়াতিম ........ ৮৪
করাচি থেকে ভিপি এসেছে ........ ৮৫
বেতন লিল্লাহ ফান্ডে দান করে দিতেন ........ ৮৬

**শায়খুত তাফসির আল্লামা সুলতান গনি তাহেরি রহ.**

পনেরো হাজার রুপি বেতনের প্রস্তাব ঠুকরে দিলেন ........ ৮৭
দশ লাখ রিয়াল বেতনের প্রস্তাব ঠুকরে দিলেন ........ ৮৮

**মাওলানা মুযাফফর হুসাইন কান্ধলভি রহ.**

ঝোল সহকারে খাবার খাওয়া ছেড়ে দিলেন ........ ৮৯
আমরা তিনজনই ক্ষুধার্ত ........ ৮৯

**শায়খুত তরিকত মাওলানা আবদুল হক নকশেবন্দি রহ.**


আমি কারও বোঝা হইনি........................................................ ৯১
আল্লাহই তাকে রিজিক দেবে ................................................. ৯১
ইংরেজের গোলাম হতে চাই না ............................................... ৯২
সম্পদের কারণে সন্তান আল্লাহকে ভুলে যাবে.................................. ৯২


**পীরে তরিকত মোল্লা খান গুল গাস্তঙ্গী রহ.**


মনের কথা জানল কীভাবে!........................................................ ৯৩
হজরত মোল্লা খান গুল রহ.-এর প্রাত্যহিক মামুল ............................ ৯৩


**ওস্তাদুল কুল হাফেজ সফর সাহেব বাড়কুহি রহ.**


সেলোয়ার-কামিসের বিস্ময়কর ঘটনা ............................................. ৯৪
দুনিয়াবিমুখ জীবন ................................................................ ৯৪
কুরআনের তিলাওয়াতে মিষ্টি মুখ ................................................. ৯৪


**আরও কিছু আকাবিরের বিস্ময়কর জীবনগল্প**


আরে ভাই, কেউ আছ? ........................................................... ৯৫
জীবিকার চিন্তা তুবড়ি মেরে উড়িয়ে দ্বীনের খিদমত .......................... ৯৫
মাওলানা মুহাম্মদ মুনির রহ.-এর খোদাভীরুতা................................ ৯৬
খলিল আহমদ সাহারানপুরি রহ.-এর বেতন গ্রহণে অস্বীকার ................ ৯৭
হজরত শাহ ইসহাক রহ.-এর ঘরে দিনের পর দিন খাবার ছিল না ........ ৯৭
আমি দেড়শ রুপিই নেব ........................................................... ৯৮
সাইয়্যেদ আবুল হাসান আলি নদভি রহ.-এর নির্লোভ জীবন আমাদের পরম আদর্শ ............................................................................ ৯৯
আত্মীয়তার আঁচ পড়েনি আত্মমর্যাদার গায় .................................... ৯৯
পকেটে পয়সা ছিল না ............................................................ ১০০
কেউ যেন আমাকে ব্যক্তিগত উপহার না দেয়.................................. ১০০
সঙ্গে সঙ্গে আমার পা ধরে ফেললেন ............................................ ১০১
গাছের পাতা সেদ্ধ করে খেতেন.................................................. ১০১
খোদাভীরুতার নিরুপম উদাহরণ ................................................ ১০২
তিনজনেই ফুটপাতে ঘুমিয়ে গেলেন............................................... ১০২
রায়পুর খানকার অভাবপীড়িত সময়.............................................. ১০৩
আল্লাহর দেওয়া সব নিয়ামতই আমি পেয়েছি.................................. ১০৪





আজ পয়সা পেয়ে চিঠি লিখছি ..................................................... ১০৪
মৃত্যুর সময় আমার হাতে টাকা থাকুক, এটা আমি চাই না.................. ১০৫
টুপি বিক্রি করে ইলম অর্জন করেছেন ........................................... ১০৫
শায়খ আবদুল কুদ্দুস গাঙ্গুহি রহ.-এর অভাবপীড়িত জীবন ................. ১০৬
মিয়াঁজি নুর মুহাম্মদ রহ.-এর দুনিয়াবিমুখ জীবন ও আল্লাহর জিকিরের প্রতি নিখাদ ভালোবাসা ............................................................ ১০৭
বেতন বাড়ানোর এই সিদ্ধান্তের সঙ্গে আমার দ্বিমত রয়েছে ................. ১০৭
আমার ঘরে এই দুনিয়ার স্থান নেই ................................................ ১০৭
এই মেহনত দিয়েই আমিই মুক্তি পাব............................................ ১০৮
মুফতি মুহাম্মদ শফি সাহেব রহ.-এর সঙ্গে জনৈক পুঁজিপতির অভদ্র আচরণের ঘটনা ............................................................................ ১০৯

# আকাবির মনীষীর দুনিয়াবিমুখ জীবন



أُولٰئِكَ آبَائِيْ فَجِئْنِيْ بِمِثْلِهِمْ
إِذَا جَمَعَتْنَا يَا جَرِيْرُ الْمَجَامِعُ

তাঁরাই মোদের পূর্বসূরি যাঁদের নিয়ে গর্ব করি।
কোন মুখেতে করছ বড়াই, নাও তো দেখি তাঁদের জুড়ি।

## সাইয়্যেদুত তায়েফা হাজি
## ইমদাদুল্লাহ মুহাজিরে মক্কি রহ.

### হারানো সম্পদ পুনরায় ফিরে পেলেন

হাজি ইমদাদুল্লাহ মুহাজিরে মক্কি রহ.-এর ঘটনা। তিনি তখন মক্কা মুকাররমায় বসবাস করতেন। একরাতে তার ঘরের সমস্ত জিনিসপত্র খোয়া যায়। একদল চোর হানা দিয়ে তার ঘরের সব জিনিসপত্র চুরি করে পুরো ঘর পরিষ্কার করে ফেলে। একটি জিনিসও তারা রেখে যায়নি।

এই দুর্ঘটনার সংবাদ যখন হাজি সাহেবের কানে পৌঁছে তখন তার মুখে সামান্যতম বিষণ্ণতাও ফুটে ওঠেনি। তিনি বরং ভাবলেশহীন কণ্ঠে স্মিত হেসে এ কবিতা আবৃত্তি করেন—

ما هیچ نداریم، وغم هیچ نه داریم

ঘটনাক্রমে হজরতের ভক্ত-অনুরক্তগণ প্রচুর অনুসন্ধানের পর একপর্যায়ে হারানো জিনিসগুলো উদ্ধার করতে সক্ষম হন। তখন হজরত সম্পদ ফিরে পাওয়ার ওপরও আনন্দ প্রকাশ করেন এবং সানন্দে জিনিসগুলো ব্যবহার করেন। জনশ্রুতি রয়েছে যে, হজরত কুতুবুদ্দিন বখতিয়ার কাকি রহ.-এর জীবনেও অনুরূপ ঘটনা ঘটেছিল।

### এটাই আল্লাহর ইচ্ছা ছিল

সাইয়্যেদুত তায়েফা হাজি ইমদাদুল্লাহ মুহাজিরে মক্কি রহ. সম্পর্কে শায়খুল ইসলাম হজরত মাদানি রহ. লিখেছেন—

> ‘আমি হজরত হাজি সাহেব রহ.-এর কাছ থেকে নিজেই শুনেছি যে, তিনি পুরো এক সপ্তাহ শুধু জমজমের পানি খেয়েই অতিবাহিত করেছিলেন। হাজি সাহেবের এক বন্ধু ছিল, যে নিজেকে খাঁটি বন্ধু দাবি করে বেড়াত। হাজি সাহেব যখন তার কাছে কয়েক পয়সা ঋণ চান তখন সে নিজের হাত খালি হওয়ার বাহানা করে কৌশলে অস্বীকার করে বসে। অথচ বাস্তবে সে অর্থশূন্য ছিল না। হাজি সাহেব বলেন, আমি তার অস্বীকার দেখেই বুঝে ফেলি যে, এটাই আল্লাহর ইচ্ছা। এজন্যে আমি ধৈর্যধারণ করে চুপ হয়ে যাই।’[১]

[১] আকাবির উলামায়ে দেওবন্দ : ইত্তিবায়ে শরিয়ত কি রোশনি মেঁ। পৃষ্ঠা : ৪০



## কাসিমুল উলুমি ওয়াল খয়রাত
## মাওলানা মুহাম্মদ কাসেম নানুতুবি রহ.

### দুনিয়া যখন পায়ের নিচে

একবার এক ধনী লোক হজরত নানুতুবি রহ.-এর কাছে আসে। হজরত নানুতুবি রহ.-এর প্রচণ্ড অস্বীকার ও উপেক্ষা সত্ত্বেও লোকটি তাঁর জুতোর ভেতর এক থলে টাকা রেখে দেয়। নানুতুবি রহ. তখন তাঁর শিষ্যকে বললেন, ‘বাবা, জুতো ঝারা দাও। দেখো, দুনিয়াদাররাও দুনিয়া কামাই করে, আমরাও দুনিয়া কামাই করি। কিন্তু তাদের সঙ্গে আমাদের পার্থক্য হলো, দুনিয়াদার দুনিয়ার পায়ের ওপর গিয়ে পড়ে, দুনিয়ার সামনে করজোড়ে কাকুতি-মিনতি করে; কিন্তু দুনিয়া তাকে ঠুকরে দিয়ে দিয়ে অবজ্ঞা করে, লাঞ্ছিত করে। এরপর যৎসামান্য কিছু গুঁজে দিয়ে তাড়িয়ে দেয়। কিন্তু এ দিকের অবস্থা হলো, দুনিয়া পায়ের কাছে এসে পড়ছে আর আমরা দুনিয়াকে ঠুকরে দিচ্ছি। গলা ধাক্কা দিয়ে বের করে দিচ্ছি।[২]

### আমি যোগ্য হলে আল্লাহ আমাকেই দিতেন

একবার বেরেলি এলাকার এক গোত্রপতি হজরত কাসিমুল উলুম ওয়াল খায়রাত মাওলানা মুহাম্মদ কাসেম নানুতুবি রহ.-এর সামনে ছয় হাজার রুপির বিশাল অঙ্ক হাদিয়া হিসেবে পেশ করে বলে,

‘কোনো নেক কাজে ব্যয় করুন।’

উত্তরে হজরত বলেন,

‘তুমি নিজেই নেককাজে ব্যয় করার যোগ্য। কাজেই তুমিই ব্যয় করো।’

লোকটি তখন বলল,

‘হজরত! আমি কীভাবে যোগ্য!’

হজরত তখন বলেন,

‘আমার কাছে এর দলিল আছে। যদি আমি যোগ্য হতাম তাহলে আল্লাহ তাআলা সম্পদ আমাকেই দিতেন।’

### হজরত নানুতুবি রহ.-এর দুনিয়াবিমুখ জীবন

[২] আরবাবে ইলম ও কামাল। পৃষ্ঠা : ৯০